


নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০২.১৭. ৬৯৫

তারিখ: ০৬/০৫/২০১৭

বিষয়: জাতীয় পর্যায়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৬তম জন্মবার্ষিকী উদযাপনের উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচার এবং বাংলাদেশ বেতার রাজশাহী কর্তৃক অনুষ্ঠানস্থল থেকে অনুষ্ঠানটি বানীবন্ধকরণ।

- আগামী ০৮ মে ২০১৭ খ্রিঃ, সোমবার বেলা ২টা ৩০মিনিটে নওগাঁর পতিসরে জাতীয় পর্যায়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৬তম জন্মবার্ষিকী উদযাপনের উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মো: আবদুল হামিদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। অনুষ্ঠানটি বাংলাদেশ টেলিভিশনের অডিও আউটপুট থেকে বাংলাদেশ বেতার ঢাকা-ক অর্থাৎ ৬৯৩ কিলোহার্জে, এফ.এম. ৯০.০ ও ১০৩.২ মেগাহার্জে এবং ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সরাসরি সম্প্রচার হবে। বাংলাদেশ বেতার রাজশাহী কেন্দ্রের মধ্যম তরঙ্গ এবং সংশ্লিষ্ট এফ.এম. ব্যান্ডে অনুষ্ঠানটি ঢাকা থেকে একযোগে রীলে হবে।
- ২। উক্ত অনুষ্ঠানের সময়সূচি পরিবর্তনের ক্ষেত্রে সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অনুষ্ঠান শাখা এবং জেলা প্রশাসন নওগাঁ-র সাথে যোগাযোগপূর্বক সমন্বয় করে অনুষ্ঠানটি যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন।
 - ৩। অনুষ্ঠানটি প্রচারকালে ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান ঢাকা-খ, ৮১৯ কিলোহার্জে ঢাকা-গ, ১১৭০ কিলোহার্জে ও এফ.এম. ১০৬.০ মেগাহার্জে প্রচার হবে।
 - ৪। অনুষ্ঠানটি প্রচারকালে সকল সংবাদ, জাতীয় অনুষ্ঠান (ঢাকা কেন্দ্র থেকে প্রচার ও অন্যান্য কেন্দ্র থেকে রীলে) ও আবহাওয়াবার্তা ঢাকা-খ, ৮১৯ কিলোহার্জে, ঢাকা-গ, ১১৭০ কিলোহার্জে, এফ.এম. ১০৬.০ মেগাহার্জে ও ক্ষুদ্র তরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে।
 - ৫। উক্ত অনুষ্ঠান প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরু ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
 - ৬। অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন এবং অনুষ্ঠানটি রীলের ক্ষেত্রে আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার রাজশাহী যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।
 - ৭। অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা ও আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার রাজশাহী অনুষ্ঠানটি প্রচারের পূর্বে ঘোষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ, অনুষ্ঠানটি যথাযথভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বার্তা শাখাসহ) সাথে যোগাযোগ এবং সমন্বয়সহ প্রচার নিশ্চিত করবেন।
 - ৮। উক্ত অনুষ্ঠানে ফিলার প্রচারের ক্ষেত্রে অনুমোদিত সংগীত/অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণ করার জন্য বাংলাদেশ বেতার ঢাকা ও রাজশাহী কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ করা হলো।
 - ৯। বাংলাদেশ বেতার রাজশাহী কেন্দ্রের বহিঃসম্প্রচার দল উক্ত অনুষ্ঠান বানীবন্ধ করে বাংলাদেশ বেতার ঢাকা কেন্দ্রে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
 - ১০। উক্ত অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা ও আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাহ্নে দায়িত্ব অর্পণ করবেন এবং তাঁদের প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধানসহ অনুষ্ঠান যথাসময়ে সম্প্রচার নিশ্চিত করবেন।
 - ১১। উক্ত অনুষ্ঠানটির ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার এবং আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার রাজশাহী-কে অনুরোধ করা হলো।
 - ১২। পরিচালক, লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা, বাংলাদেশ বেতার সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।



(সালাহউদ্দিন আহমদ)
উপ-মহাপরিচালক, অনুষ্ঠান (চলতি দায়িত্ব)
মহাপরিচালকের পক্ষে
ফোন: ০২-৯৬৬২৭৫৩
ফ্যাক্স: ০২-৯৬৭০২৮২।

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। উপ-মহাপরিচালক, বার্তা/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ প্রদানের অনুরোধসহ)।
- ২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার ধামরাই, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, সদর দপ্তর (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা।
- ৪। পরিচালক, লিয়াজোঁ/বহির্বিষয় কার্যক্রম, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
- ৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা/রাজশাহী।
- ৬। আঞ্চলিক প্রকৌশলী/স্টেশন প্রকৌশলী, পুরাতন প্রচার ভবন, ঢাকা/বাংলাদেশ বেতার রাজশাহী/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।